

অষ্ট্রেলিয়া সফরে আসা বাংলাদেশের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার সফিক আহমেদ এর সাথে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাক্ষাত ।

গত সোমবার গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন সংসদ ও বিচার বিভাগের মন্ত্রী ব্যারিস্টার সফিক আহমেদ এক সরকারি সফরে ক্যানবেরায় ব্যস্ততম সময় কাটান , ফিরতি পথে বুধবার নিউ সাউথ ওয়েলস বারের সভাপতির আমন্ত্রণে এক নৈশ ভোজে যোগদান করেন । এদিকে মঙ্গলবার সিডনি থেকে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ বঙ্গবন্ধু সোসাইটি অষ্ট্রেলিয়া, বাংলাদেশ আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া, এবং নব গঠিত আমরা মুক্তিযোদ্ধার সন্তান , যৌথভাবে এক ফেব্রু বার্তায় বৃহসপতিবার বিদায়ি মধ্যাহ্নভোজনের আমন্ত্রণ জানানো হয় অতপর মাননীয় হাইকমিশনার টেলিফোনে জানান যে ইতিপূর্বে সিরাজুল হক ও প্রদ্যুতসিং চুয়ু একটি সম্বর্ধনার আয়োজন করেছে তাদের কে আপনার সাথে যোগাযোগ করে আপনারা যৌথভাবে আয়োজন করলে মাননীয় মন্ত্রী যাবে বলে জানিয়ে দিয়েছেন , অতপর ৪টি সংগঠনের কো-অর্ডিনেটর হারুন রশীদ আজাদ জানান তার সাথে এবিষয়ে অপর পক্ষ থেকে কেউ যোগাযোগ করেনি । অতপরঃ মাননীয় মন্ত্রী হারুন রশীদ কে জানান তাহলে আপনি তাদের আমন্ত্রণ জানান । সাথে সাথে হারুন রশীদ আজাদ সিরাজুল হককে তার আমন্ত্রিত অতিথিদের নিয়ে হেরিস পার্কস্থ স্প্যাসি অব লাইফ রেস্টোরাই আশার আহবান জানান , সাথে সাথে সিরাজুলহক শূধু হারুন আজাদকে তাদের অনুষ্ঠানে আমন্ত্রণ জানায় , হারুন আজাদ মন্ত্রীর সিদ্ধান্তের কথা জানালে , সিরাজুল হক জানান মাননীয় মন্ত্রীর সম্মতিতে তিনি বুকিং মানি দিয়ে রেখেছেন , অতপরঃ হারুন রশীদ আজাদ তার সহ কর্মীদের কয়েকজনকে নিয়ে মন্ত্রীর সাথে বিষয়টির সুরাহা করতে দেখা করেন । তখন মাননীয়মন্ত্রী তারপক্ষ থেকে আরো ১০জনকে তারসঙ্গী হিসাবে সিরাজুল হক ও প্রদ্যুতসিং চুয়ুর আয়োজনকৃত সম্বর্ধনা অনুষ্ঠানে যাওয়ার পরামর্শদেন কিন্তু সীমিত সংখক কর্মকর্তা ও সহ কর্মী নিয়ে সে আমন্ত্রণ রক্ষা সম্ভব নয় জানিয়ে মন্ত্রীর আমন্ত্রণের জন্য তাকে ধন্যবাদ জানান । অতপর বাংলাদেশে প্রতিশ্রুত যুদ্ধাপরাধীদের বিচার , বাংলাদেশের বিদ্যুত , গ্যাস , পানি সংকটের কারন ও সে সব সমস্যা সমাধানের সরকারের দৃষ্টি ভঙ্গি এবং তার অষ্ট্রেলিয়া সফরের বিষয়াদি নিয়ে দীর্ঘক্ষন আলোচনা হয় । আলোচনায় অংশনেন হারুন রশীদ আজাদ , মসিউর রহমান শেখ , এবং জসিম উদ্দিন চৌধুরী ।

